দর্শনায় মাদকসহ আকন্দবাড়িয়ার মোল্লা হোসেন গ্রেফতার

দর্শনায় মাদকসহ মোল্লা হোসেন নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ। আজ বৃহস্পতিবার রাত সোয়া ৯ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে থানার এসআই রাম প্রসাদ সরকার, এএসআই তুহিন হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন আকন্দবাড়ীয়া আবাসনে।

এসময় আকন্দবাড়ীয়া আবাসন জালাল উদ্দীনের ছেলে ইমরানের মুদি দোকানের সমানে ইটের সলিং রাস্তার উপর হতে ২১ বোতল ফেন্সিডিলসহ মোল্লা হোসেন (৩৮) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়ীয়া স্কুলপাড়ার বাসিন্দা ও লালুর এবং হামিদা বেগমের ছেলে। গ্রেফতারকৃত আসামীদ্বয়ের বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন রয়েছে।